

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

এবং

অতিরিক্ত জেলা ও দায়রা জজের কার্যালয়, ঠাকুরগাঁও।

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-৭৩

তারিখ : ১৯/০২/২০২৫ খ্রিস্টাব্দ

অতিরিক্ত জেলা ও দায়রা জজের কার্যালয়, ঠাকুরগাঁও হতে বিগত ৩১/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ৩৭৩ নং স্মারকমূলে “দৈনিক বাংলাদেশ প্রতিদিন” ও “দৈনিক করতোয়া” পত্রিকায় ০১/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদের ক্ষেত্রে বয়সসীমা ০১/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে মর্মে উল্লেখ করা হয় এবং ২০/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে দরখাস্ত দাখিলের নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১৮/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত অধ্যাদেশ নং ১১, ২০২৪ এ সরকারী চাকুরীতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধি করে ৩২ (বত্রিশ) বছর করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির শুধুমাত্র ৫নং ক্রমিকের বয়সসীমা সংশোধন পূর্বক ১৮-৩২ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তির সকল পদের ক্ষেত্রে ০১/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে যাদের বয়স ৩০ (ত্রিশ) বছর অতিক্রম হওয়ার কারণে আবেদন করতে পারেননি, কেবলমাত্র তাদের নিকট হতে আগামী ০৬/০৩/২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে উল্লিখিত পদসমূহে দরখাস্ত আহ্বান করা হলো।

উল্লেখ্য, নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্তাদি অপরিবর্তিত থাকবে।

নিয়োগ বিজ্ঞপ্তি সহ বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন-www.thakurgaon.judiciary.gov.bd

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

এবং

অতিরিক্ত জেলা ও দায়রা জজ

ঠাকুরগাঁও।